



ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

১৯১০

Job Category: Data Entry/Operator/BPO

Job Source: ১৯১০

Job Summary

Posted On: 29 Oct 2024

Application Deadline: 21 Nov 2024



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় জাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদসমূহের নামের পার্শ্বে উল্লিখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

১। রেজিস্ট্রারের অফিস (শিক্ষা-২)

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২,৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সি.জি.পি.এ ৪ স্কেলে ২.৭৫ সহ স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জি.পি.এ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সি.জি.পি.এ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

২। তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ

গ্রহণকারী সহকারী টাঃ ৯৭০০-২৩,৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সি.জি.পি.এ ৪ স্কেলে ২.৭৫ সহ স্নাতক/সমমান পাসসহ লাইব্রেরী সায়েন্স-এ ডিপ্লোমা থাকতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জি.পি.এ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সি.জি.পি.এ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
---	-------	---

৩। শহিদ ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টার

ড্রাইভার টাঃ ৯৩০০-২২,৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি/সমমান পাশ হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জি.পি.এ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সি.জি.পি.এ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে ড্রাইভিং-এ বি.আর.টি.এ-এর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮(আঠারো) বছর হতে হবে।
---	-------	--

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদনপত্র আগামী ২১-১১-২০২৪ খ্রিস্টাব্দ/ ০৬-০৮-১৪৩১ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র চেয়ারম্যান, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র প্রধান মেডিকেল অফিসার, শহিদ ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

স-১৮৫১(৭x৪)